# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং- সিকৃবি/রেজি.কার্যা/শিক্ষা/ভর্তি পরীক্ষা-২০১৫/১৪/২৯০ তারিখ: ১৬-১০-২০১৪

## ভর্তি বিজ্ঞপ্তি
### স্নাতক: লেভেল-১ সেমিস্টার-১
### শিক্ষাবর্ষ: ২০১৪-১৫

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৬টি অনুষদে স্নাতক (সম্মান) কোর্সে লেভেল-১ সেমিস্টার-১ এ শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিচ্ছুক প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে (online) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www. sau.ac.bd এ ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

**১. অনুষদ সম্পর্কীয় বিবরণ ঃ**

| অনুষদের নাম | ডিগ্রীর নাম | কোর্সের মেয়াদ | শিক্ষার মাধ্যম | ভর্তির আসন সংখ্যা(অনুষদ-ওয়ারী) | সর্বমোট আসন |
|---|---|---|---|---|---|
| ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স | ডি.ভি.এম | ৫ বছর | ইংরেজি | ৮০ | ৩৪০ |
| কৃষি | বি.এসসি এজি (অনার্স) | ৪ বছর | ইংরেজি | ৭০ | |
| মাৎস্যবিজ্ঞান | বি.এসসি ফিসারিজ (অনার্স) | ৪ বছর | ইংরেজি | ৬০ | |
| কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা | বি.এসসি এজি. ইকন. (অনার্স) | ৪ বছর | ইংরেজি | ৫০ | |
| কৃষি প্রকৌশল ও কারিগরি | বি.এসসি এজি. ইঞ্জি. (অনার্স) | ৪ বছর | ইংরেজি | ৫০ | |
| বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | বি.এসসি বায়োটেক. এন্ড জেনেটিক ইঞ্জি. (অনার্স) | ৪ বছর | ইংরেজি | ৩০ | |

**সংরক্ষিত আসন ঃ**

| সংরক্ষিত আসন | ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদ | কৃষি অনুষদ | মাৎস্যবিজ্ঞান অনুষদ | কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ | কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ | মোট | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| মুক্তিযোদ্ধা কোটা | ৪ | ৪ | ৩ | ৩ | ৩ | ১ | ১৮ | ৩০ |
| বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/ অ-উপজাতি | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ৬ | |
| অন্যান্য জেলার উপজাতি | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ৬ | |

**২. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ**

২.১। বিজ্ঞান গ্রুপে ২০১২ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় এবং ২০১৪ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) অথবা সমমানের পরীক্ষায় উভয়ক্ষেত্রে ৪র্থ বিষয় বাদে মোট জিপিএ ৬.৫; তবে এস.এস.সি এবং এইচ.এস.সি উভয় পরীক্ষায় প্রতিটিতেই ৪র্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৩.০ থাকতে হবে। উল্লেখিত যোগ্যতা (জিপিএ) সাপেক্ষে ২০১১ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান এবং ২০১৩ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে।

২.২। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা ও গণিত (এসএসসি'র ক্ষেত্রে সাধারণ গণিত) বিষয়ে প্রত্যেকটিতে আলাদাভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ এবং ইংরেজিতে ২.০ থাকতে হবে।

**৩. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া ঃ**

৩.১। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের জন্য আগামী ২১ অক্টোবর ২০১৪ হতে ০৭ ডিসেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত কেবলমাত্র অনলাইনে (online) আবেদন করা যাবে এবং শুধুমাত্র ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড (DBBL) এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি প্রদান করতে হবে ।

৩.২। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.sau.ac.bd এ Login করে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করা হলে তখনই প্রার্থীকে একটি পিন (PIN) নম্বর দেয়া হবে। উক্ত পিন (PIN) নম্বরটি গুরুত্বপূর্ণ বিধায় প্রার্থীকে তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। তবে পিন (PIN) নম্বর ভুলে গেলে অনলাইনে (online) Login করে এইচ.এস.সি বোর্ড, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন ইনপুট দিলে পিন (PIN) নম্বর পাওয়া যাবে।

৩.৩। প্রাপ্ত পিন (PIN) নম্বরের বিপরীতে ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড (DBBL) এর যে কোন মোবাইল ব্যাংকিং একাউন্ট বা এজেন্ট পয়েন্ট এর মাধ্যমে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID 321 এ আবেদন ফি বাবদ টা: ৭০০/- (টাকা সাতশত মাত্র ) জমা দিতে হবে। উল্লেখ্য যে, ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (www.sau.ac.bd) পাওয়া যাবে । টাকা জমা হয়ে গেলে আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে You have paid successfully Tk. 700.00 to SAU বার্তা যাবে। প্রয়োজনে টাকা জমা দেয়ার ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.sau.ac.bd) Login করে payment status check করতে পারবে।

৩.৪। টাকা জমা হওয়ার মেসেজ পাওয়ার পর ওয়েবসাইটে (www.sau.ac.bd) Login করে পাসপোর্ট সাইজের রঙিন ছবি (160×200 পিক্সেল সাইজের JPG ফরমেটে) আপলোড করতে হবে।

৩.৫। আগামী ১০-১২-২০১৪ হতে ১৮-১২-২০১৪ পর্যন্ত প্রদত্ত পিন নম্বর দিয়ে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টকৃত প্রবেশপত্রে স্বাক্ষরের স্থানে স্বাক্ষর এবং ছবির পিছনে নাম ও পিন নম্বর লিখে নির্ধারিত স্থানে ছবি লাগাতে হবে। প্রবেশপত্রটি ভর্তি পরীক্ষার সময় নিয়ে আসতে হবে; অন্যথায় কাউকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩.৬। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেয়া হবে। এছাড়া ওয়েবসাইটে (www.sau.ac.bd) প্রকাশ করা হবে।

৩.৭। দিনে বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

৩.৮। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে প্রশ্ন থাকলে মোবাইল নং- ০১৭৪২ ৮২৪৬৫৪, ০১৭১৭ ০২১২৭৫, ০১৭১৫ ৫৭৫৪৪৬ কিংবা ই-মেইল: admission@sau.ac.bd এ যোগাযোগ করা যাবে।

৩.৯। ভর্তিইচ্ছুক আগ্রহী বিদেশী প্রার্থীগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে পারবে।

**৪. ভর্তি পরীক্ষার পদ্ধতি ঃ**

৪.১। উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরনে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও ইংরেজি বিষয়গুলোর উপর বহুনির্বাচনী (MCQ) পদ্ধতিতে ১০০ নম্বরের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে বৃত্ত ভরাট করে প্রশ্নের উত্তর দিতে হবে যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

৪.২। **ভর্তি পরীক্ষার নম্বর বন্টন:** পদার্থবিদ্যা ২০ নম্বর, রসায়ন ২০ নম্বর, গণিত ২০ নম্বর, উদ্ভিদবিদ্যা ১৫ নম্বর, প্রাণিবিদ্যা ১৫ নম্বর, ইংরেজি ১০ নম্বর; মোট ১০০ নম্বর।

৪.৩। ভর্তি পরীক্ষার হলে মোবাইল ফোন এবং কোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে আনা ও ব্যবহার করা যাবে না।

**৫. রেজিস্ট্রেশন, ভর্তি পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ এবং ভর্তি সংক্রান্ত তারিখ ও সময় ঃ**

| বিষয় | তারিখ, বার ও সময় |
|---|---|
| অনলাইনে (online) আবেদন | ২১ অক্টোবর ২০১৪ হতে ০৭ ডিসেম্বর ২০১৪ (ছুটির দিনসহ দিন-রাত ২৪ ঘন্টা) |
| ভর্তি পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম | ১৯ ডিসেম্বর ২০১৪ রোজ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ফল প্রকাশ | ২১ ডিসেম্বর ২০১৪ রোজ রবিবার |
| মেধা তালিকা হতে ভর্তি | ২৪ ডিসেম্বর ২০১৪ রোজ বুধবার সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত |
| অপেক্ষমান তালিকা হতে ভর্তি | ২৮ ডিসেম্বর ২০১৪ রোজ রবিবার সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত |
| ওরিয়েন্টেশন | ০৪ জানুয়ারি ২০১৫ রোজ রবিবার |
| ক্লাস শুরু | ০৫ জানুয়ারি ২০১৫ রোজ সোমবার |

**৬. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া ঃ**

৬.১। **মেধা স্কোর:** মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরি করা হবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর, এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৪০ নম্বর ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৬০ নম্বর গণনা করা হবে। গ্রেডিং পদ্ধতিতে ৪র্থ বিষয় বাদে এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ নম্বর ভর্তি পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

৬.২।(ক) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী অনুষদের পছন্দক্রম ভর্তির সময় দিতে হবে।

(খ) ভর্তির সময় নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসি পাসের মূল গ্রেডসিট, প্রশংসাপত্র এবং সনদ পত্রের মূল কপি জমা দিতে হবে।

(গ) অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল অফিসারের নিকট থেকে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে। অন্যথায় প্রার্থীকে ভর্তির অযোগ্য বলে গণ্য করা হবে।

(ঘ) আবাসিক হলে সিটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সিট বরাদ্দের কোন নিশ্চয়তা নেই বিধায় নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

(ঙ) মুক্তিযোদ্ধা ও উপজাতি/অ-উপজাতীয় প্রার্থীদের সংরক্ষিত আসনে ভর্তির জন্য উক্ত কোটাসমূহের মধ্যে যেটি তাদের ক্ষেত্রে প্রযোজ্য তা ভর্তি পরীক্ষার সময় ওএমআর (OMR) সিটের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে এবং তার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট/সত্যায়িত কপি দেখাতে হবে।

(চ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন শর্ত/ নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

৬.৩। ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং www.sau.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৬.৪। প্রার্থী কোনরূপ ভুল বা অসংগতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তী সময়ে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬.৫। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**স্বাক্ষরিত**

রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
ফোন: ০৮২১-৭৬০৯৩০; মোবাইল: ০১৭১১-৯৫১০৭৫